দৈনিক বাংলা

06-226

তারিখ ২৫/১০/৮১
পৃষ্ঠা....

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

বিজ্ঞপ্তি নম্বর/মাধ্য/পনি/৬/৭২/১৫৭৬ তারিখ : ২১-৯-৮১

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাইতেছে যে, ১৯৮২ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় প্রাইভেট (ক) পুরুষ, (খ) মহিলা। (গ) শিক্ষক, (ঘ) প্রতিরক্ষা বাহিনীর লোক, (সশস্ত্র বাহিনী, বাংলাদেশ রাইফেলস্, পুলিশ) (ঙ) অন্ধ, (চ) ফেলের পাস, (ছ) বিভাগ উন্নয়ন ও (জ) পাকিস্তান প্রত্যাগত (প্রার্থী হিসাবে পরীক্ষা দিতে ইচ্ছুক) সকল প্রার্থী প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবে।

১। (ক), (খ) ও (জ)তে বর্ণিত পুরুষ ও মহিলা পরীক্ষার্থীকে আগামী মাধ্যমিক নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করিতে হইবে এবং উক্ত নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থিগণ ১৯৮২ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশ গ্রহণের যোগ্য বলিয়া বিবেচিত হইবে।

২। পুরুষ ও মহিলা এবং পাকিস্তান প্রত্যাগত প্রার্থীদিগকে কোন অনুমোদিত বিদ্যালয় হইতে কমপক্ষে ৮ম শ্রেণীর বাৎসরিক পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

৩। ৮ম শ্রেণীর উত্তীর্ণ পরীক্ষার্থী তিনটি শিক্ষা বৎসর অতিবাহিত হইলে প্রার্থীত মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবে, তবে পাকিস্তান প্রত্যাগত প্রার্থীদের ক্ষেত্রে দুইটি শিক্ষা বৎসর অতিবাহিত হইলে প্রার্থীত মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবে।

৪। ৯ম শ্রেণী উত্তীর্ণ পরীক্ষার্থী ২টি (দুই) শিক্ষা বৎসর অতিবাহিত হইলে প্রার্থীত মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবে, তবে পাকিস্তান প্রত্যাগত প্রার্থীদের ক্ষেত্রে একটি শিক্ষা বৎসর অতিবাহিত হইলে প্রার্থীত মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবে।

৫। প্রাইভেট পরীক্ষার্থিগণ যে বৎসরের পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক সেই বৎসরের পূর্বের শিক্ষা বৎসরটিতে কোন অনুমোদিত বিদ্যালয়ের নিয়মিত ছাত্র হিসাবে অধ্যয়নরত থাকিবে না। প্রাইভেট পুরুষ ও মহিলা প্রার্থীদিগকে উক্ত নির্বাচনী পরীক্ষায় নিম্নলিখিত বিষয়গুলিতে পরীক্ষা দিতে হইবে :

| | | | |
|---|---|---|---|
| (ক) বাংলা/বাংলা (সহজ বিকল্প পাঠ), | — | দুই পত্র | ২০০ নম্বর |
| (খ) ইংরাজী | — | দুই পত্র | ২০০ নম্বর |
| (গ) সাধারণ গণিত | — | এক পত্র | ১০০ নম্বর |

যে সমস্ত বিশেষ নীতি অনুসরণ করিয়া কোন বিদ্যালয়ের নিয়মিত পরীক্ষার্থীদিগকে নির্বাচনী পরীক্ষায় কৃতকার্য বলিয়া ঘোষণা করা হয়, প্রাইভেট পুরুষ ও মহিলা প্রার্থীদের ক্ষেত্রেও সেই একই রূপ নীতি অনুসৃত হইবে। উত্তীর্ণ হওয়ার সামান্যতম সম্ভাবনাও যে প্রার্থীর নাই তাহাকে চূড়ান্ত পরীক্ষার জন্য নির্বাচন না করাই বাঞ্ছনীয়।

নিম্নে প্রদত্ত তালিকায় কোন বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট জনপ্রতি ১৫/- (পনর) টাকা হারে নির্বাচনী পরীক্ষার ফিস জমা দিয়া প্রাইভেট পুরুষ ও মহিলা প্রার্থীদিগকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করিতে হইবে। নির্বাচনী পরীক্ষা ফিস বাবদ যে পরিমাণ অর্থ পাওয়া যাইবে তাহা দিয়াই উক্ত পরীক্ষার যাবতীয় ব্যয়ভার সংশ্লিষ্ট কেন্দ্রকে বহন করিতে হইবে।

১৯৮২ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় নির্বাচনী পরীক্ষা গ্রহণের জন্য নির্ধারিত বিদ্যালয়সমূহের তালিকা নিম্নে প্রদত্ত হইল :

(ক) বাকেরগঞ্জ জেলা।

আনুষঙ্গিক নথিপত্রাদি দাখিল করিতে হইবে।

(৩) যাহারা বিভাগ উন্নয়ন-এর জন্য পরীক্ষায় অংশ গ্রহণ করিতে ইচ্ছুক তাহারা ৩০-১০-৮১ তারিখের মধ্যে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট নির্ধারিত আবেদনপত্রের জন্য সাদা কাগজে দরখাস্ত করিবে। সংগৃহীত নির্ধারিত ফরম যথাযথ পূরণ করিয়া পরীক্ষার্থী যে স্কুল হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পাস করিয়াছিল সেই স্কুলের প্রধান শিক্ষকের স্বাক্ষর সত্যায়ন ও সুপারিশসহ উহা বোর্ডে প্রেরণ করিবে। প্রধান শিক্ষককে যথাসময়ে উহা পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট পৌঁছাইতে হইবে। বিভাগ উন্নয়ন পরীক্ষার্থী যে বৎসর মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় পাস করিয়াছে, শুধুমাত্র তাহার অব্যবহিত পরবর্তী বৎসরের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবে। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট চলতি পরীক্ষার পাঠ্যক্রম অনুযায়ী পরীক্ষা দিতে হইবে। বিভাগ উন্নয়ন প্রার্থী কর্তৃক দেয় ফিসের হার নিম্নরূপ এবং তাহা অত্র বোর্ডের সেক্রেটারীর অনুকূলে ব্যাংক ড্রাফট মারফত আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে :

| | | |
|---|---|---|
| তালিকাভুক্তি ফিস | — | টাঃ ১৫/- |
| নম্বর ফর্দ ফিস | — | টাঃ ১০/- |
| অনুমোদিত ফিস | — | টাঃ ২০/- |
| পরীক্ষা ফিস প্রতি পত্রের জন্য | — | টাঃ ৯/- |
| কর্ম অভিজ্ঞতা ব্যবহারিক ফিস | — | টাঃ ৫/- |

ব্যবহারিক পরীক্ষার ফিস নিয়মিত পরীক্ষার্থীদের অনুরূপ।

উল্লেখ্য যে সকল প্রকার নিয়মিত ও অনিয়মিত (প্রাইভেট/পরীক্ষার্থী/পরীক্ষার্থীনিকে 'কর্ম অভিজ্ঞতা' (নিরক্ষরতা দূরীকরণ কার্যক্রম) বিষয়ের পরীক্ষায় অংশ গ্রহণ করিতে হইবে।

পরীক্ষা নিয়ন্ত্রক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

জি—২৫৮১